

// ড. ইউনূসের  
প্রশংসায়  
প্রণব মুখার্জি

■ ইউএনবি  
ভারতের রাষ্ট্রপতি প্রণব মুখার্জি  
ক্ষুদ্রঋণ কার্যক্রমের মাধ্যমে  
উন্নয়নশীল দেশগুলোতে দরিদ্র  
মানুষের উন্নয়নে ভূমিকা রাখায়  
নোবেল বিজয়ী ড. মুহাম্মদ ইউনূসের  
ভূয়সী প্রশংসা করেছেন। দিল্লিতে  
রাষ্ট্রপতি ভবনে সামাজিক  
পরিবর্তনবিষয়ক এক আন্তর্জাতিক  
সম্মেলনে প্রণব মুখার্জি বক্তব্য  
রাখছিলেন। তিনি বলেন,  
বাংলাদেশের ড. ইউনূস ক্ষুদ্রঋণ  
কার্যক্রমের অনন্য মডেল গড়ে  
তুলেছেন। এ সময় ড. ইউনূস  
উপস্থিত ছিলেন।